



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (এইচএসটিটিআই)
কুয়েট রোড, খুলনা-৯২০৩।
ইমেইল-hsttikhulna@yahoo.com
ওয়েবসাইট-www.hstti.khulna.gov.bd

স্মারক নং-উমাশিপ্রইখু/প্রনি-৫৪৩(৫)/২০২৫/ ১৯০

তারিখ: ১৩/১০/২০২৫ খ্রি.

প্রাপক : অধ্যক্ষ

.....কলেজ।

বিষয়: কলেজ শিক্ষকগণের পেশাগত দক্ষতা উন্নয়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ কোর্সে (৯৬ তম ব্যাচ) অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদন আহ্বান।

অত্র ইনস্টিটিউটে ২২/১০/২০২৫ খ্রি. থেকে ১৭/১১/২০২৫ খ্রি. পর্যন্ত অনুরোধে ২৭দিন মেয়াদি “কলেজ শিক্ষকগণের পেশাগত দক্ষতা উন্নয়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি” বিষয়ক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য আপনার কলেজের আগ্রহী শিক্ষকদের মধ্য থেকে ব্যক্তিগত অথবা প্রতিষ্ঠানের ল্যাপটপ, মডেম, পেনড্রাইভ সংগে আনতে পারবে আছে এমন ০১ (এক) জন শিক্ষক যিনি বিগত ০৩ বছরের মধ্যে এই প্রশিক্ষণ গ্রহণ করেননি এমন একজনকে অনলাইনে আবেদন করার অনুমতি প্রদান করতে পারবেন।

মনোনীত শিক্ষক আগামী ২১/১০/২০২৫ খ্রি. তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে ইনস্টিটিউটের হোস্টেল সুপারের নিকট উপস্থিতির রিপোর্ট করবেন। ২২/১০/২০২৫ খ্রি.তারিখ সকাল ০৯:০০ টায় প্রশাসনিক কাম একাডেমিক ভবন কক্ষ নং ৩০২-এ রেজিস্ট্রেশনের সময় তিনি কলেজের অধ্যক্ষ প্রদত্ত ছাড়পত্র, দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, এনআইডি এর ফটোকপি অবশ্যই জমা দেবেন। প্রয়োজনীয় তথ্য সংগ্রহের জন্য প্রফেসর এস এম শওকত হোসেন, উপ পরিচালক(ইনসিটু), (প্রধান কোর্স সমন্বয়কারী, মোবাইল নং-০১৭১১-৭০৯৪৫৪), জনাব মুহাম্মদ আলী, সহকারী পরিচালক, (কোর্স সমন্বয়কারী, মোবাইল নং-০১৭১২-৭৫৭৫০০) এর সাথে যোগাযোগ করতে পারবেন।

উল্লেখ্য, প্রতিষ্ঠানের ইআইআইএন, নিজের ইনডেক্স নং ও চাকুরিতে প্রথম যোগদানের তারিখ রেজিস্ট্রেশন ফরম পূরণের সময় লিপিবদ্ধ করতে হবে। প্রশিক্ষণকালে বিল প্রাপ্তির পূর্ব পর্যন্ত প্রাথমিক ব্যয় নির্বাহের জন্য মনোনীত শিক্ষককে কমপক্ষে ৫,০০০/= (পাঁচ হাজার) টাকা সঙ্গে আনতে হবে। যাদের বয়স ৫৭বছর পূর্ণ হয়েছে তাঁদের প্রশিক্ষণে অংশ গ্রহণের প্রয়োজন নাই। আগামী ১৫/১০/২০২৫ তারিখের মধ্যে যেকোন ব্রাউজারে নিচের লিংকটি টাইপ করে এন্টার দিয়ে অথবা প্রতিষ্ঠানের ওয়েবসাইট www.hstti.khulna.gov.bd প্রবেশ করে তথ্য ফরমটি পূরণ করে প্রশিক্ষণার্থীর অংশগ্রহণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

লিংক: <https://forms.gle/UMMKjeSmRqJYXmop7>

বৈষম্যহীন বাংলাদেশ বিনির্মাণে অনলাইনে আবেদন ব্যতিত কোন প্রকার ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে প্রশিক্ষণে অংশগ্রহণের তদ্বির না করার অনুরোধ করা হলো।

বিঃদ্র: গত ৯৫ তম ব্যাচে আবেদনকারীদের মধ্যে যারা নির্বাচিত হয়নি তারা ৯৬ তম ব্যাচে নির্বাচিত আছেন বিধায় পুনরায় আবেদনের দরকার নাই।

(প্রফেসর ড. শেখ মোহাম্মদ আলী হক)

অতিরিক্ত পরিচালক(প্রশিক্ষণে),

ও

পরিচালক (ভারপ্রাপ্ত)

এইচএসটিটিআই, খুলনা

তারিখ: ১৩/১০/২০২৫ খ্রি.

স্মারক নং-উমাশিপ্রইখু/প্রনি-৫৪৩(৫)/২০২৫/ ১৯০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি ও ওয়েবসাইট, এইচএসটিটিআই, খুলনা।
- ৪। সংরক্ষণ কপি।

আগামী ১৬/১০/২০২৫ খ্রিস্টাব্দ বিকাল ৫:০০ টায় প্রতিষ্ঠানের ওয়েবসাইট www.hstti.khulna.gov.bd তে চূড়ান্তভাবে নির্বাচিত তালিকা প্রকাশ করা হবে।

মুহাম্মদ আলী

আই ডি নংঃ ০২২৪৪২

সহকারী পরিচালক (প্রশিক্ষণে)

এইচ এস টি আই, খুলনা।

মোবাইলঃ ০১৭১২-৭৫৭৫০০

Email: mdali3009@gmail.com